

তারিখ: ৩০/০৪/২০২৪ খ্রি.

২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় ফরম পূরণের যাবতীয় কার্যক্রম আগামী ১৬/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে Online -এ সম্পন্ন করতে হবে।
আবেদনকারীকে ওয়েবসাইটে (<http://ems.nu.ac.bd/student-login>) প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও নির্দেশনা অনুযায়ী Form Fillup
ম্যানুতে ক্লিক করার পর Apply Now বাটনে ক্লিক করে চাহিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit বাটনে ক্লিক করতে হবে। Pop-Up ম্যানু থেকে
Form Fillup নিশ্চয়নের জন্য YES বাটনে ক্লিক করতে হবে এবং APPLICATION FORM ডাউনলোড করে প্রিন্টকপি নিতে হবে। উল্লেখ্য,
ইনকোর্স নম্বর Online-এ এন্ট্রি ব্যতীত ফরম পূরণের সুযোগ নেই বিধায় প্রত্যেক পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

১। অংশগ্রহণের যোগ্যতা:


- ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত এবং প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্র/কোর্সে অংশগ্রহণ করবে।
- ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা এ পরীক্ষায় সে সকল পত্র/কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে C ও D গ্রেড প্রাপ্তরা গ্রেড উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ ২টি পত্র/কোর্সে অংশগ্রহণ করতে পারবে।
- ২০২০ সালের পরীক্ষায় যেসব শিক্ষার্থী CGPA- 2.5 বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা শুধুমাত্র C ও D গ্রেড প্রাপ্ত কোর্সের সর্বোচ্চ ২টি পত্র/কোর্সে CGPA উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, ইনকোর্স/টার্মপেপার/মৌখিক পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে।
- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়েছে (অকৃতকার্য) তারা বিশেষ বিবেচনা ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করে এ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নেই।

২। প্রয়োজনীয় কাগজপত্র:

- আবেদন ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১কপি জমা দিবে।
- পূরণকৃত আবেদন ফরম ও পরীক্ষা ফি আগামী ১২/০৫/২০২৪ হতে ১৩/০৫/২০২৪ তারিখের মধ্যে সরাসরি সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।


৩। ফি এর বিবরণ:

প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়	কলেজ			মোট
	পরীক্ষার ফি	কেন্দ্র ফি	ব্যবস্থাপনা ফি	মৌখিক ফি	
এমএসএস (নিয়মিত/অনিয়মিত)	নির্ধারিত- ২৮৫০	৪৫০	৫০	১৭৫	৩,৫২৫/-
এমএসএস (প্রাইভেট)	নির্ধারিত- ২৮৫০	৪৫০	৫০	২৫০	৩,৬০০/-
এমএসএস (গ্রেডউন্নয়ন)	১পত্র- ৫৫০	৪৫০	৫০	--	১,০৫০/-
	২পত্র- ৮০০	৪৫০	৫০	--	১,৩০০/-
এমএসএস (শুধু মৌখিক)	নির্ধারিত- ১,১০০	৪৫০	৫০	২৫০	১,৮৫০/-
এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়েছে (২০১৬-১৭)	নির্ধারিত- ৫০০০	৪৫০	৫০	২৫০	৫,৭৫০/-


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ,
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।


৩০/০৪/২০২৪